

সবার জন্য ভ্যাকসিন

Moderna COVID-19 ভ্যাকসিন (18 বছর বা তারচেয়ে বেশি বয়সীদের জন্য)

Pfizer COVID-19 ভ্যাকসিন (6 মাস থেকে 17 বছর বয়সীদের জন্য)

- + প্রথম ও দ্বিতীয় ডোজ
- + যাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল তাদের জন্য প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ
- + আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার সহ বুস্টারসমূহ

সকল যোগ্য ব্যক্তিদের জন্য এখানে পাওয়া যাচ্ছে

COVID-19 এর এই সময়ে, নিজেকে এবং প্রিয়জনদেরকে অসুস্থ হওয়া থেকে সুরক্ষিত রাখা গুরুত্বপূর্ণ।

COVID-19 এর ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনি নিজের পকেট থেকে কোনও খরচ ছাড়াই COVID-19 এর একটি ভ্যাকসিন পেতে পারেন।



আপনার জন্য কোন ভ্যাকসিন সঠিক সে সম্পর্কে আরও জানুন। QR কোডটি স্ক্যান করুন কিংবা 1-844-NYC-4NYC (1-844-692-4692) নম্বরে কল করুন।

COVID-19 ভ্যাকসিন

বেশিরভাগ ব্যক্তি এখন COVID-19 এর একটি ভ্যাকসিন পাওয়ার যোগ্য:

- + 6 মাস থেকে 4 বছর বয়সী ব্যক্তির Pfizer-BioNTech-এর তিনটি পেডিয়াট্রিক ডোজ (এক দশমাংশ শক্তির) নিতে পারবে
- + 5 থেকে 11 বছর বয়সী ব্যক্তির Pfizer-BioNTech-এর দু'টি পেডিয়াট্রিক ডোজ (এক তৃতীয়াংশ শক্তির) নিতে পারবে
- + 12 বছর বা তার বেশি বয়সের ব্যক্তির Pfizer-BioNTech-এর দু'টি ডোজ নিতে পারবে
- + 18 বছর বা তার বেশি বয়সের ব্যক্তির Moderna-এর দু'টি ডোজ নিতে পারবে

Pfizer এবং Moderna ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ

mRNA ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজের ক্ষেত্রে এমন ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হয় যাদের কোনো অবস্থা বা চিকিৎসাগত কারণে রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল।

ডায়াবেটিস, হৃদরোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যায় আক্রান্ত বেশিরভাগ ব্যক্তির ক্ষেত্রে প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ সুপারিশ করা হয় না।

COVID-19 বুস্টার ডোজ - Pfizer এবং Moderna ভ্যাকসিন গ্রহীতাগণ

5 থেকে 11 বছর বয়সী যেসব শিশু পাঁচ মাসেরও বেশি সময় আগে Pfizer-এর প্রাথমিক সিরিজ পেয়েছে তারা শুধুমাত্র Pfizer মনোভ্যালেন্ট বুস্টার পাওয়ার যোগ্য।

12 বছর ও তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের জন্য, একমাত্র অনুমোদিত বুস্টার হল আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার। 12 বছর ও তারচেয়ে বেশি বয়সী ব্যক্তির আর আসল মনোভ্যালেন্ট বুস্টার নিতে পারবে না।

12 বছর ও তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন সিরিজ বা শেষ বুস্টার গ্রহণের অন্তত দুই মাস পরে আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার ডোজ নেওয়া উচিত।

ভ্যাকসিন নেওয়া ব্যক্তির তাদের প্রাথমিক ভ্যাকসিন সিরিজ হিসেবে আগে নেওয়া ভ্যাকসিন অথবা পূর্ববর্তী বুস্টার হিসাবে নেওয়া একই ভ্যাকসিন নিতে পারেন কিংবা তারা অন্য দুই ধরনের ভ্যাকসিনের যেকোনো একটিতে পরিবর্তন করতে পারেন।